# উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মো: মাসুদ রানা, উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম, নালিতাবাড়ী, শেরপুর।
তারিখ ঃ ২১/০৮/২০২৪ খ্রি.।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিতি সংযুক্ত:

সদস্য সচিব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, নালিতাবাড়ী, শেরপুর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **উপজেলার সার মজুদ পরিস্থিতি সংক্রান্ত আলোচনা:-** সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর সভায় জানান যে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য রোপা আমন ধান রোপন কার্যক্রম চলমান এবং রোপন কার্যক্রম নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য উপজেলার সকল সারের মজুদ পর্যাপ্ত এবং বিতরণ কার্যক্রম এখন পর্যন্ত স্বাভাবিক আছে। একই সাথে সবসময়ই যেন সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে সার বিক্রয় করা হয় এবং দৃশ্যমান স্থানে লালসালু প্রদর্শন করা হয় সেদিকে কমিটির সকলের সজাগ দৃষ্টি রাখার জন্য সদস্য সচিব আহবান করেন। | সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিতকরণ এবং লালসালু যেন দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়, সে বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নিয়মিত তদারকি করবেন।<br>সময়ে সময়ে জারীকৃত সরকারী নির্দেশনা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর। |
| ০২. | **বিএডিসি ডিলারগনের নিজস্ব দোকান, বিক্রয় স্থান ও অবৈধ দোকান বাতিল সংক্রান্ত আলোচনা:-** সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর সভায় জানান যে উপজেলার ২৪ জন বিএডিসি সার ডিলারগণের মাঝে কিছু সংখ্যক ডিলারের নিজস্ব দোকান এবং বিক্রয়ের জন্য নির্দিষ্ট স্থান নেই মর্মে সভার দৃষ্টিগোচর করেন।<br>সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর বলেন যে, আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে বিএডিসি সার ডিলারগণকে নিজস্ব দোকান ও বিক্রয় স্থান নির্ধারণ করতে হবে এবং নির্ধারিত স্থান হতে সার বিক্রয় করতে হবে অন্যথায় লাইসেন্স বাতিলের জন্য সুপারিশ করা হবে। | ➢ আগামী ১৫( পনের) কার্যদিবসের মধ্যে বিএডিসি সার ডিলারগণকে নিজস্ব দোকান ও বিক্রয় স্থান নির্ধারণ করতে হবে এবং নির্ধারিত স্থান হতে সার বিক্রয় করতে হবে নতুবা ডিলারশিপ বাতিলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **চুক্তিপত্রে উল্লিখিত স্থান ব্যবসা সংক্রান্ত আলোচনা:** সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর সভায় জানান যে, বিসিআইসি ও বিএডিসি ডিলারগণের অনেকেই চুক্তিপত্রে উল্লিখিত স্থান বা লাইসেন্স প্রাপ্তির স্থানে তাদের নিজস্ব কোন দোকান বা বিক্রয়পয়েন্ট নেই। | ➢ সকল ডিলারের চুক্তিপত্রে উল্লিখিত স্থানে ব্যবসা করতে হবে।<br>➢ যে সকল ডিলার যে ইউনিয়ন হতে ডিলারশিপ বা লাইসেন্স নিয়েছেন তাদেরকে আগামী ১৫( পনের) কার্যদিবসের মধ্যে স্ব স্ব ইউনিয়ন বা চুক্তিপত্রে উল্লিখিত স্থানে ব্যবসা করতে হবে অন্যথায় নীতিমালা অনুসারে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর। |
| ০৪ | **খুচরা সার ডিলার নিয়োগ সংক্রান্ত আলোচনা :** সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর সভায় জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নের কিছুসংখ্যক ওয়ার্ডে খুচরা সার ডিলার নেই এবং কৃষকের কাছে সার সহজলভ্য করার জন্য ইউনিয়নের প্রতি ওয়ার্ডে খুচরা সার ডিলার থাকা প্রয়োজন। সকল ওয়ার্ডে খুচরা সার ডিলার নিয়োগ দেয়া সম্ভব হলে কৃষকের সার পরিবহণ খরচ কমানো সম্ভব হবে। ইউনিয়ন পর্যায়ে খুচরা সার ডিলার নিয়োগের উদ্দেশ্যে নতুন আবেদনকৃতদের যাচাই কার্যক্রম চলমান বলে সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর কমিটিকে অবহিত করেন।<br><br>সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর বলেন যে, পূর্বের আবেদনের পাশাপাশি ইউনিয়ন পর্যায়ে খুচরা সার ডিলার নিয়োগের উদ্দেশ্যে নতুন করে আবেদন নেওয়া যেতে পারে । | ➢ পূর্বের আবেদনের পাশাপাশি ইউনিয়ন পর্যায়ে খুচরা সার ডিলার নিয়োগের উদ্দেশ্যে নতুন করে আবেদন আহ্বান করা হবে।<br>➢ ১৫ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত নতুন আবেদন করা হবে।<br>➢ অতি দ্রুত খুচরা ডিলার নিয়োগ কার্যক্রম শুরু হবে। | |
| ০৫. | **বিএডিসি'র বীজ ডিলারদের সার ডিলার হওয়ার আবেদনপত্র যাচাই বাছাই বিষয়ক আলোচনা: বিএডিসি বীজ ডিলার হতে সার ডিলার হওয়ার জন্য ০৪টি আবেদন পত্র পড়েছে। আবেদন পত্র যাচাই বাচাই করে নিয়োগের সুপারিশ করা যায় কিনা সে সংক্রান্ত আলোচনা হয়।** | ➢ প্রয়োজনীয়তা অনুযায়ী সার ডিলার নিয়োগের সুপারিশ করা হবে। | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নালিতাবাড়ী, শেরপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণাকরেন।

৮/৯/২৪

সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নালিতাবাড়ী, শেরপুর

CS CamScanner

স্মারক নং-

তারিখঃ ০৮/০৯/২০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মাননীয় এমপি মহোদয়, শেরপুর-২ (নকলা-নালিতাবাড়ী) আসন।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নালিতাবাড়ী, শেরপুর ও উপদেষ্টা, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
০৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নালিতাবাড়ী, শেরপুর ও উপদেষ্টা, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
০৪. ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, নালিতাবাড়ী, শেরপুর ও উপদেষ্টা, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
০৫. উপজেলা প্রাণীসম্পদ অফিসার, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
০৬. উপজেলা মৎস্য অফিসার, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
০৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
০৮. উপজেলা সমবায় অফিসার, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
০৯. থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
১০. চেয়ারম্যান, .............................. ইউনিয়ন পরিষদ, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
১১. জনাব........................................................., ডিলার প্রতিনিধি, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
১২. সভাপতি, উপজেলা প্রেসক্লাব, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
১৩. অফিস কপি।

৮/৯/২৪

সদস্য সচিব
উপজেলা সার ও বীজ
মনিটরিং কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
নালিতাবাড়ী, শেরপুর